দৈনিক সংবাদ

তারিখ ... 19 DE ... 199...
পৃষ্ঠা ৭ কলাম ৩

## বালিয়াডাঙ্গী মহাবিদ্যালয়

# শিক্ষক নিয়োগের উপর নিষেধাজ্ঞা জারি

ঠাকুরগাঁ থেকে নিজস্ব সংবাদদাতা ঃ বালিয়াডাঙ্গী সমিরউদ্দীন স্মৃতি মহাবিদ্যালয়ের কতিপয় শিক্ষকের বেতন ভাতার উপর ঠাকুরগাঁ জেলার সহকারী জজ মাফরুজা পারভিন অন্তর্বর্তীকালীন অস্থায়ী নিষেধাজ্ঞা জারি করেছেন।

বালিয়াডাঙ্গী থানার কাজী ফহিমউদ্দীন নামে এক ব্যক্তি গত ২৪শে নভেম্বর উক্ত আদালতে এই মামলা দায়ের করেছেন। কলেজ পরিচালনা কমিটির সভাপতি ও স্থানীয় সংসদ সদস্য জবিরুল ইসলাম এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষসহ ১২ জনের বিরুদ্ধে এই মামলা দায়ের করা হয়। মামলার বিবরণে বলা হয় প্রয়োজনীয় যোগ্যতা না থাকা সত্ত্বেও ভারপ্রাপ্ত অধ্যক্ষের স্ত্রীকে লাইব্রেরিয়ান পদে নিয়োগ দেয়া হয়।

এছাড়া কয়েকটি শিক্ষকের পদে বিজ্ঞপ্তি না দিয়ে স্বজনপ্রীতি ও দুর্নীতির মাধ্যমে নতুনভাবে শিক্ষক নিয়োগ করা হয়।

এ ব্যাপারে এবং অবৈধ নিয়োগের বিরুদ্ধে বালিয়াডাঙ্গী থানা শহরে পোষ্টারিং, মিছিল হয়।

ওই দিনই সহকারী জর্জ উক্ত শিক্ষকদের বেতনভাতার উপর অস্থায়ী নিষেধাজ্ঞার নির্দেশ দেন। এদিকে, রহস্যজনক কারণে আদালতেও নির্দেশনামা বিবাদীদের কাছে পৌছানো হয়নি।